



চীনা দূতাবাস ও নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) যৌথ আয়োজনে গতকাল 'দি ২০২৪ ঢাকা-চায়না ডে' অনুষ্ঠানে অতিথিরা ছবি : এনএসইউ



## এনএসইউতে ঢাকা-চায়না ডে চীনের সঙ্গে সম্পর্ক আরো জোরদারের পরামর্শ

জনশক্তির দক্ষতা বৃদ্ধি ও নতুন প্রযুক্তি উদ্ভাবনে চীনের সঙ্গে সম্পর্ক আরো জোরদার করতে হবে। ঢাকায় অবস্থিত চীনা দূতাবাস ও নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) যৌথ আয়োজনে গতকাল 'দি ২০২৪ ঢাকা-চায়না ডে' শীর্ষক অনুষ্ঠানে এ পরামর্শ দেন বক্তারা।

উদ্বোধনী বক্তব্যে এনএসইউর কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক ড. বুলবুল সিদ্দিকী বলেন, 'আমরা এনএসইউতে প্রথমবারের মতো ঢাকা-চায়না দিবস উদযাপন করতে পেরে গর্বিত। আজকের অনুষ্ঠানটি আমাদের সাংস্কৃতিক ও শিক্ষা বন্ধন জোরদারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মাইলফলক।' অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন নৌ-পরিবহন এবং বন্দ্র ও পাট মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন। তিনি বলেন, 'চীন দীর্ঘদিন ধরে বাংলাদেশের অন্যতম ঘনিষ্ঠ বন্ধু। বিগত বছরগুলোয় দুই দেশের সম্পর্ক আরো জোরদার হয়েছে। বর্তমান পরিস্থিতিতে আরো অনেক উপায়ে আমরা একসঙ্গে কাজ করতে পারি। আমি চীনের রাষ্ট্রদূতকে পাট খাতে অংশীদারত্বের সুযোগগুলো খুঁজে বের করতে উৎসাহিত করছি।' বিশেষ অতিথির বক্তব্যে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, 'সাংস্কৃতিক বিনিময় এমন একটি বন্ধন, যা মানুষকে একত্রিত করে। বাংলাদেশ ও চীন এরই মধ্যে একটি সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য ভাগাভাগি করছে। ঢাকা-চায়না দিবসের মতো উৎসবের মাধ্যমে আমাদের সম্পর্ক গভীর হবে।' সভাপতির বক্তব্যে এনএসইউ উপাচার্য অধ্যাপক আবদুল হাম্মান চৌধুরী বলেন, 'বাংলাদেশের প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে এনএসইউতে কনফুসিয়াস ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। চীনের বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে আমাদের শিক্ষার্থী বিনিময় কর্মসূচিগুলো চলমান রয়েছে। দক্ষতা উন্নয়ন ও প্রযুক্তিগত উদ্ভাবনের ক্ষেত্রে চীনের সঙ্গে সম্পর্ক আরো জোরদার করতে হবে।'

ঢাকা-চায়না ডে'র অন্যতম আকর্ষণ ছিল চীনের ইউনান থেকে আগত সাংস্কৃতিক দলের পরিবেশনা। এনএসইউ কনফুসিয়াস ইনস্টিটিউট, ঢাবি কনফুসিয়াস ইনস্টিটিউট এবং বাংলাদেশ উণ্ড ফেডারেশনের শিক্ষার্থীরাও অনুষ্ঠানে নিজেদের পরিবেশনা প্রদর্শন করেন। এছাড়া এনএসইউ প্লাজা এরিয়ায় চীনা বিভিন্ন প্রতিষ্ঠান দিনব্যাপী তাদের ঐতিহ্যবাহী কারুশিল্প, রান্না এবং সাংস্কৃতিক প্রদর্শনীতে অংশ নেন।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ, সদস্য ইয়াসমিন কামাল ও আজিজ আল কায়সার, কোষাধ্যক্ষ ও ভারপ্রাপ্ত উপ-উপাচার্য অধ্যাপক আবদুর রব খান এবং কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক মা জিওয়ান। —বিজ্ঞপ্তি